তারিখ ‥ 21 JAN 2016 ‥
১৬ ‥ কলাম ‥ ২৬

দৈনিক
ইত্তেফাক

# বাহুবলে শিক্ষা অফিসের সামনে শিক্ষকদের হাতাহাতি!

■ বাহুবল (হবিগঞ্জ) সংবাদদাতা

বাহুবলে স্কুল শিক্ষকদের মধ্যে হাতাহাতির অভিযোগ পাওয়া গেছে। ঘটনাটি ঘটেছে গত মঙ্গলবার বিকাল ৫টার দিকে উপজেলা শিক্ষা অফিসের সামনে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সরকার কর্তৃক শিক্ষকদের বেতন পুনর্নির্ধারণের প্রয়োজনীয় তথ্যাদি ইন্টারনেটে কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য ভেড়াখাল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিকুল ইসলাম ৪০০ টাকা হারে প্রত্যেক শিক্ষকের কাছ থেকে গ্রহণ করেন।

অপরদিকে, অলোয়া স্কুলের প্রধান শিক্ষক রুহুল আমিন আখঞ্জি পক্ষ ২৫০ টাকা করে দিতে অন্যান্য শিক্ষককে উৎসাহিত করে। এ ছাড়া, বাহুবল উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক শহীদুল আলম ১২০ টাকা নির্ধারণ করে প্রচারণা চালান। এতে স্বাভাবিকভাবেই শহীদুল আলমের কথায় সায় দেন শিক্ষকরা। এমতাবস্থায় শফিকুল ইসলাম ও রুহুল আমিন আখঞ্জির পক্ষ ক্ষিপ্ত হয়ে উঠে। রুহুল আমিন ও শহীদুল আলম পক্ষের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার জ্যোতিষ বাবুর সাথে কথা বলতে চাইলে তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।